# মালাখি ভাববাদীর পুস্তক

1 মালাখির মাধ্যমে ইস্রায়েলের প্রতি ঈশ্বরের এক
ভাববাণীরূপ বার্তা।

### ঈশ্বর ইস্রায়েলকে ভালোবাসেন

2প্রভু বলেছেন, "আমি তোমাদের ভালোবাসি।"
কিন্তু তোমরা জিজ্ঞেস কর, "আপনি যে আমাদের
ভালোবাসেন তার প্রমাণ কি?"
প্রভু বলেন, "এষৌ কি যাকোবের ভাই নয়? তবু
আমি যাকোবকে ভালবেসেছি। 3কিন্তু আমি এষৌকে
ঘৃণা করতাম। আমি তার পর্বতগুলি ধ্বংস করেছি
এবং তার দেশকে– শিয়ালের বাসস্থানে পরিণত করেছি।"
4ইদোমের লোকেরা বলতে পারে, "যদিও আমরা
ধ্বংস হয়েছিলাম কিন্তু আমরা ফিরে গিয়ে আবার
আমাদের শহরগুলো গড়ব।"
কিন্তু সর্বশক্তিমান প্রভু এই কথা বলেন, "তারা
আবার গড়তে পারে কিন্তু আমি আবার তা ভেঙ্গে
ফেলব!" তাই লোকেরা ইদোমকে বলবে একটি দুষ্ট
দেশ এবং একটি জাতি যাকে প্রভু চিরকালের তরে
ঘৃণা করেন।"
5তোমাদের চোখ তা দেখবে এবং তোমরা বলবে,
"প্রভু মহান, এমন কি ইস্রায়েলের সীমার বাইরেও!"

### লোকেরা ঈশ্বরকে সম্মান করে না

6সর্বশক্তিমান প্রভু বলেন, "পুত্র তার পিতাকে সম্মান
করে এবং দাস তার মনিবকে সম্মান করে। কিন্তু আমি
যদি পিতা হই তবে কেন আমি সম্মান পাবো না?
আমি তোমাদের প্রভু। কিন্তু কেন তোমরা আমাকে
সম্মান কর না? তোমরা, যাজকেরা আমার নামকে
সম্মান করছ না।"
কিন্তু তোমরা বল, "আমরা কি এমন কিছু করেছি
যা প্রমাণ করে যে আমরা আপনার নামকে সম্মান করি
না?"
7প্রভু বলেছেন, "তোমরা আমার বেদীতে অশুচি
রুটি নিয়ে আসো।"
কিন্তু তোমরা জিজ্ঞাসা কর, "কি করে আমরা
আপনাকে অশুচি করেছি?"
প্রভু বলেছেন, ''প্রভুর বেদী শ্রদ্ধার উপযুক্ত নয়'
এই বলে তোমরা আমার বেদীকে সম্মান করছ না।"
8এটা কি খারাপ কাজ নয় যে তোমরা উৎসর্গ করার
জন্য অন্ধ পশুদের নিয়ে আসো? তোমরা উৎসর্গের
জন্য যখন খোঁড়া ও অসুস্থ পশু নিয়ে আসো, সেটা কি
খারাপ কাজ নয়? তোমাদের রাজ্যপালকে অসুস্থ
পশুসমূহ দেবার চেষ্টা করে দেখ তো, তিনি কি তা
গ্রহণ করবেন? তিনি কি তোমাদের ওপর খুশী হবেন!"
সর্বশক্তিমান প্রভু এই কথা বলেন।
9"যাজকরা, তোমরা প্রভুকে আমাদের প্রতি ভালো
হতে অনুরোধ কর। কিন্তু তিনি তোমাদের কথা শোনেন
না। তোমরাই এর জন্য দায়ী।" সর্বশক্তিমান প্রভু এইসব
কথা বলেন।
10"তোমাদের মধ্যে কেউ মন্দিরের দরজা বন্ধ করে
দিক্ যাতে তোমরা আমার বেদীর ওপর অকেজো
আলো জ্বালাতে না পারো। আমি তোমাদের ওপর
সন্তুষ্ট নই এবং আমি তোমাদের হাত থেকে কোন
নৈবেদ্য নেবো না।" সর্বশক্তিমান প্রভু এই কথা বলেন।
11সর্বশক্তিমান প্রভু এই কথাগুলি বলেছেন: "সমস্ত
পৃথিবীতে লোকে আমার নাম সম্মান করে এবং আমার
জন্য শুদ্ধ ধূপ এবং নৈবেদ্য সমূহ নিয়ে আসে। কারণ
আমার নাম সমস্ত জাতির মধ্যে সম্মানিত।"
12"কিন্তু তোমরা 'প্রভুর বেদী অশুদ্ধ' একথা বলে
দেখাও যে তোমরা আমার নামকে শ্রদ্ধা কর না এবং
বেদীর ওপর নিবেদন করা খাদ্যও তোমরা চাও না,
এতে তোমরা আমার নামের প্রতি অশ্রদ্ধা দেখাও।
13তোমরা এও বলো, কি আপদ! সর্বশক্তিমান প্রভু
এই কথা বলেন, তোমরা এমন পশু উৎসর্গ করার
জন্য উপহার স্বরূপ নিয়ে আস যা চুরি করা, খোঁড়া
অথবা অসুস্থ। তোমাদের হাতে করে আনা এই উপহার
কি আমি গ্রহণ করব?" প্রভু এই কথাগুলি বলেন।
14"সেই প্রতারক অভিশপ্ত, যার পালে পুরুষ পশু রয়েছে
আর তা দিতে মানত করা সত্ত্বেও সে প্রভুর উদ্দেশ্যে
এমন পশু উৎসর্গ করে যা দোষ যুক্ত। আমিই এই
কথা বলছি কারণ আমি শক্তিমান রাজা এবং সমস্ত
জাতির লোক আমাকে ভয় করে।" সর্বশক্তিমান প্রভু
এই কথা বলেন।

### যাজকদের জন্য নিয়মসকল

2 "এখন ওহে যাজকেরা, এই নিয়ম তোমাদের জন্য।
2যদি তোমরা এর অবাধ্য হও এবং আমাকে সম্মান
করার এই প্রয়োজনীয় ব্যাপারটিকে যদি গুরুত্ব না দাও
তবে আমি তোমাদের বিরুদ্ধে অভিশাপ পাঠাব,
সর্বশক্তিমান প্রভু এই কথা বলেন। তোমরা আশীর্বাদ
দিলে আমি তা অভিশাপে পরিণত করব, আর আমি
তাদের অভিশাপ দিয়েছি কারণ তোমরা এই বিষয়টার
ওপর গুরুত্ব দাও না।"
3"দেখ, আমি তোমার উত্তরপুরুষদের শাস্তি দেব।
আমি তোমাদের মুখে উৎসব নৈবেদ্য থেকে জন্তুদের
বীষ্ঠা লেপে দেবো এবং তোমাদের ওগুলোর সঙ্গে
ছুঁড়ে ফেলে দেওয়া হবে। 4তখন তোমরা জানবে যে

আমি এই আদেশ দিচ্ছি যাতে লেবির সঙ্গে আমার
চুক্তি চলতে থাকে।” সর্বশক্তিমান প্রভু এই কথা বলেন।
5প্রভু বলেছেন, “লেবির সঙ্গে আমার চুক্তি ছিল
জীবন ও শান্তির চুক্তি। সে আমায় সম্মান করে এবং
আমার নামে ভীত হয়। 6লেবি সত্য শিক্ষা দিয়েছে। সে
কখনও মন্দ জিনিস শেখায় নি। সে ছিল সৎ এবং
শান্তি ভালবাসত এবং সে অনেক লোককে মন্দ কাজ
করা থেকে ফিরিয়ে এনেছিল। 7আমি এসব বলি কারণ
লোকে জ্ঞানের প্রয়োজনে যাজক খোঁজে আর ঈশ্বরের
আজ্ঞা শিক্ষা করতে তারা তার কাছে যায়, কারণ সেই
তো ঈশ্বরের বার্তাবাহক।”

8কিন্তু প্রভু বলেছেন: “যাজকেরা আমার পথ থেকে
সরে গিয়েছিল এবং অনেক লোককে বিধি অস্বীকার
করতে বাধ্য করেছে। তোমরা লেবির সঙ্গে আমার চুক্তি
ধ্বংস করেছ।” সর্বশক্তিমান প্রভু এই কথা বলেন।
9“যেহেতু তোমরা আমার পথগুলি অনুসরণ করনি এবং
আমার নীতি শিক্ষায় পক্ষপাতিত্ব করেছ সেহেতু আমি
তোমাদের অস্বীকৃত এবং অপমানিত করাব!”

### যিহূদা ঈশ্বরের প্রতি অবিশ্বস্ত

10আমাদের সকলেরই সেই এক পিতা। একই ঈশ্বর
আমাদের তৈরী করেছেন। তাহলে কেন লোকে তাদের
ভাইদের ঠকিয়ে ঈশ্বর যে চুক্তি তাদের পূর্বপুরুষদের
সঙ্গে করেছিলেন তাকে অসম্মান করে? 11যিহূদার
লোকেরা বিশ্বাসঘাতকদের মত ব্যবহার করেছিল।
জেরুশালেম এবং ইস্রায়েলের লোকেরা মারাত্মক
জিনিষ করেছে। যিহূদার লোকেরা ঈশ্বরের পবিত্র মন্দির,
যেটাকে ঈশ্বর ভালবাসতেন, নষ্ট করেছে। যিহূদার
লোকেরা বিদেশী রমনীদের বিয়ে করেছিল যারা বিদেশী
দেবতা সমূহের অধিকারপ্রাপ্ত এবং ঐ সব বিদেশী
দেবতাদের পূজো শুরু করেছিল। 12প্রভু যাকোবের
পরিবার থেকে ঐ সমস্ত লোকেদের সরিয়ে দেবেন।
এমন কি যদিও সেই ব্যক্তি সর্বশক্তিমান প্রভুর উদ্দেশ্যে
উপহার আনে। 13তোমরা কাঁদতে পারো এবং প্রভুর
বেদী চোখের জলে ঢেকে দিতে পারো, কিন্তু প্রভু
তোমাদের উপহার গ্রহণ করবেন না এবং তোমরা যা
কিছু আনো তাতে তিনি খুশী হবেন না।

14আর তোমরা বলে থাকো, “এর কারণ কি?”
কারণ তোমরা তোমাদের স্ত্রীর বিরুদ্ধে যে সব মন্দ
কাজ করেছ তা প্রভু দেখেছেন। সেই স্ত্রী যদিও তোমার
বিশ্বস্ত সঙ্গী ছিল এবং তোমার নিয়মের স্ত্রী ছিল তবু
তুমি তার সঙ্গে প্রতারণা করেছ। 15ঈশ্বর চান যে স্বামী
ও স্ত্রী একদেহ ও এক আত্মাবিশিষ্ট হোক। তবেই তাদের
পবিত্র সন্তানসন্ততি হবে। সুতরাং সেই আত্মিক
একাত্মতা রক্ষা কর। তোমার স্ত্রীকে ঠকিও না। সে
তোমার যৌবনের স্ত্রী।

16ইস্রায়েলের প্রভু ঈশ্বর বলেন, “আমি বিবাহ
বিচ্ছেদ এবং পুরুষেরা যে সমস্ত নিষ্ঠুর কাজ করে তা
ঘৃণা করি।* সুতরাং অবিশ্বস্ত হয়ো না, তোমাদের
নিজ নিজ আত্মাকে সাবধানতাসহ রক্ষা কর।”

### বিচারের জন্য নিরূপিত সময়

17তোমরা ভুল শিক্ষা দিয়েছ। সেই ভুল শিক্ষাগুলি
প্রভুকে খুব ক্লান্ত করেছে। তোমরা শিখিয়েছ যে, যে
সব ব্যক্তি কুকর্ম করে প্রভু তাদের ভালবাসেন। তোমরা
বলছ যে ঈশ্বর মনে করেন সেই লোকেরা ভালো এবং
তোমরা শিখিয়েছ যে কুকর্ম করবার জন্য ঈশ্বর লোকেদের
শাস্তি দেন না।

3 প্রভু সর্বশক্তিমান বলেন, “দেখ আমি আমার
বার্তাবাহককে পাঠাচ্ছি এবং সে আমার আগে আগে
আমার জন্য পথ পরিষ্কার করবে। তোমরা যে প্রভুর
অন্বেষণ করছ, তিনি হঠাৎ তাঁর মন্দিরে আসবেন। হ্যাঁ,
নতুন চুক্তির বার্তাবাহক যাঁকে তোমরা চাও, তিনি
আসছেন।

2“কিন্তু তিনি যখন আসবেন তখন কে তা সহ্য
করতে পারবে? আর তিনি দর্শন দিলে কে উঠে দাঁড়াতে
পারবে? কারণ তিনি শোধন করার আগুনের মত ও
ধোপার ক্ষারযুক্ত সাবানের মত। 3রৌপ্যকার যেমন করে
রূপো নিখাদ করে তেমন করে তিনি লেবীয়
উত্তরপুরুষদের শুদ্ধ করবেন। তিনি সন্তানদের সোনা
রূপোর মতো পরিষ্কার করবেন আর তারাই প্রভুকে
ঠিকমত নৈবেদ্য উৎসর্গ করবে। 4তখন যিহূদার ও
জেরুশালেমের ধার্মিকতার উপহারগুলি প্রভু গ্রাহ্য
করবেন, যেমন বহু আগে অতীতে হত। 5আমি তোমাদের
কাছে বিচার করতে আসব এবং যারা যাদুবিদ্যা অভ্যাস
করে, যারা ব্যভিচারী, যারা মিথ্যাভাবে প্রতিশ্রুতি করে,
যারা মজুরদের ঠকায়, বিধবা ও পিতৃহীনদের যারা সাহায্য
করে না, যারা বিদেশীদের প্রতি অন্যায় করে আর
আমাকে ভয় পায় না তাদের বিরুদ্ধে সাক্ষী দেব!”
সর্বশক্তিমান প্রভু এই কথা বলেন।

### ঈশ্বরের কাছ থেকে অপহরণ

6“আমিই প্রভু, আমার পরিবর্তন নেই। তোমরা
যাকোবের সন্তানেরা তাই সম্পূর্ণরূপে বিনষ্ট হচ্ছ না।
7তোমাদের পূর্বপুরুষদের সময় থেকেই তোমরা আমার
বিধি ব্যবস্থা থেকে দূরে সরে পড়েছ।” সর্বশক্তিমান
প্রভু বলেন, “তোমরা আমার কাছে ফিরে এস তাহলে
আমিও তোমাদের কাছে ফিরে যাব।”

কিন্তু তোমরা বলছ, “কিভাবে ফিরব?”

8“কোন লোক কি ঈশ্বরের কাছ থেকে চুরি করতে
পারে? কিন্তু তোমরা আমার কাছ থেকে চুরি করছ।

তোমরা বল, “আমরা তোমার কাছ থেকে কি চুরি
করেছি?” তোমাদের জিনিষগুলোর থেকে এক দশমাংশ
আমাকে দেওয়া উচিৎ ছিল। তোমাদের উচিৎ ছিল
আমাকে বিশেষ উপহার দেওয়া। কিন্তু তোমরা আমাকে
সেইগুলি দাওনি।

9তোমাদের পুরো জাতি আমার কাছ থেকে জিনিষ
চুরি করেছে। তোমরা সবাই অভিশাপে শাপগ্রস্ত।

---

**আমি … করি** আক্ষরিক অর্থে, “যে মানুষ হিংস্রতার পোশাক পরে তাকে আমি ঘৃণা করি।”

10তোমাদের উৎপন্ন শস্যের, পশুপালের এবং আয়ের
এক দশমাংশ কোষাগারে নিয়ে এসো যাতে মন্দিরে
সঞ্চয়ের জোগান থাকে। আর এতে আমায় পরীক্ষা
করে দেখ আমি আকাশের দরজা খুলে তোমাদের পর্যাপ্ত
পরিমাণে আশীর্বাদ করি কি না। 11আমি ক্ষতিকর
কীটপতঙ্গকে তোমার ক্ষেত্র ধ্বংস না করতে আদেশ
দেব। তারা তোমার ক্ষেতের ফসল নষ্ট করবে না।
দ্রাক্ষালতাগুলি দ্রাক্ষা উৎপন্ন করবে। সর্বশক্তিমান প্রভু
এই কথা বলেন।

12“সমস্ত জাতির লোকেরা তোমাদের প্রশংসা করবে
কারণ তোমরা একটি সুন্দর এবং চমৎকার দেশ পাবে।”
সর্বশক্তিমান প্রভু এই সব কথা বলেছেন।

## বিচারের জন্য নিরূপিত সময়

13প্রভু বলেন, “তোমরা আমার বিরুদ্ধে কড়া কড়া
কথা বলেছ।”

কিন্তু তোমরা জিজ্ঞেস করছ, “আপনার বিরুদ্ধে
আমরা কি বলেছি?’’

14তোমরা বলছ, “প্রভুর উপাসনা করা বৃথা। প্রভুর
কথা অনুসারে আমরা কাজ করেছি বটে কিন্তু তা
কোন উপকারে আসেনি। অন্ত্যেষ্টি ক্রিয়ার সময় লোকে
যেমন শোক করে আমরা আমাদের পাপের জন্য
তেমনি শোক করেছি কিন্তু তাতে লাভ হয়নি। 15আমাদের
মনে হয় যারা গর্ব করে তারাই সুখী; দুষ্ট লোকেরা
কৃতকার্য্য এবং প্রতিষ্ঠিত হয়। তারা মন্দ কাজ করে
ঈশ্বরের ধৈর্য্য পরীক্ষা করে আর ঈশ্বর তাদের শাস্তি
দেন না।”

16তখন ঈশ্বরের অনুগামীরা পরস্পরের সঙ্গে কথা
বলল আর প্রভু ওদের কথা শুনলেন। প্রভুর সামনে
একটি বিবরণী পুস্তক আছে যার মধ্যে যারা তাঁকে শ্রদ্ধা
করেছিল এবং তাঁর নামকে সম্মান করেছিল তার নামের
তালিকা আছে।

17প্রভু বলেছিলেন, “যখন আমি পৃথিবীকে বিচার
করব ঐ লোকেরা সেইদিন আমার হবে। সে সময়
আমি তাদের প্রতি দয়া করব, যেমন করে পিতা তার
সেবায় রত পুত্রের প্রতি করে। 18তখন তোমরা আমার
কাছে ফিরে আসবে এবং ধার্মিক ও দুষ্টের মধ্যে পার্থক্য
করতে শিখবে। ঈশ্বরের সেবাকারীদের সঙ্গে যারা তার
সেবা করে না তাদের তফাত বুঝতে পারবে।”

4 “বিচারের সেই দিন আসছে। সেই দিন হবে তপ্ত
চুল্লীর মত। সমস্ত গর্বিত লোকদের শাস্তি দেওয়া
হবে, সেই দুষ্ট লোকেরা খড়ের মত জ্বলবে। সেই দিন
তারা ঝোপের মত আগুনে জ্বলবে– একটাও শাখা কি
শেকড় অবশিষ্ট থাকবে না।” সর্বশক্তিমান প্রভু এই
কথা বলেন।

2“কিন্তু তোমরা যারা আমাকে অনুসরণ কর তাদের
ওপর ধার্মিকতা সূর্যোদয়ের মত উজ্জ্বল হবে। তা সূর্যের
কিরণের মত আরোগ্য ক্ষমতা আনবে। খোঁয়াড় থেকে
ছেড়ে দেওয়া বাছুরের মতো তোমরা মুক্ত ও আনন্দিত
হবে। 3তারপর তোমরা দুষ্ট লোকেদের পায়ের তলায়
পিষে দেবে।দুষ্ট লোকেরা তোমাদের পায়ের তলায় ছাই
হয়ে যাবে। যখন বিচারের সময় আসবে তখন আমি
এই সমস্ত জিনিষ ঘটাব।” প্রভু সর্বশক্তিমান এই সব
কথা বলেন।

4“মোশির বিধি-ব্যবস্থা পালন কর। মোশি আমার
দাস ছিল। হোরেব পর্বতে আমিই তাকে ঐসব বিধি ও
নিয়মগুলি দিয়েছিলাম। ঐ বিধিগুলি ইস্রায়েলের সব
লোকেদের জন্য।”

5প্রভু বলেছিলেন, “দেখ, আমি ভাববাদী এলিয়কে
তোমাদের কাছে পাঠাব। তিনি প্রভুর সেই ভয়ঙ্কর
বিচারের দিনের আগে আসবেন। 6এলিয় পিতামাতাদের
তাঁদের সন্তানদের কাছে আসতে সাহায্য করবেন। এটা
অবশ্যই ঘটবে নতুবা আমি (ঈশ্বর) এসে তোমাদের
দেশ সম্পূর্ণভাবে ধ্বংস করব!”

# License Agreement for Bible Texts

***World Bible Translation Center***
***Last Updated: September 21, 2006***

Copyright © 2006 by World Bible Translation Center
All rights reserved.

**These Scriptures:**

- Are copyrighted by World Bible Translation Center.
- Are not public domain.
- May not be altered or modified in any form.
- May not be sold or offered for sale in any form.
- May not be used for commercial purposes (including, but not limited to, use in advertising or Web banners used for the purpose of selling online add space).
- May be distributed without modification in electronic form for non-commercial use. However, they may not be hosted on any kind of server (including a Web or ftp server) without written permission. A copy of this license (without modification) must also be included.
- May be quoted for any purpose, up to 1,000 verses, without written permission. However, the extent of quotation must not comprise a complete book nor should it amount to more than 50% of the work in which it is quoted. A copyright notice must appear on the title or copyright page using this pattern: "Taken from the HOLY BIBLE: EASY-TO-READ VERSION™ © 2006 by World Bible Translation Center, Inc. and used by permission." If the text quoted is from one of WBTC's non-English versions, the printed title of the actual text quoted will be substituted for "HOLY BIBLE: EASY-TO-READ VERSION™." The copyright notice must appear in English or be translated into another language. When quotations from WBTC's text are used in non-saleable media, such as church bulletins, orders of service, posters, transparencies or similar media, a complete copyright notice is not required, but the initials of the version (such as "ERV" for the Easy-to-Read Version™ in English) must appear at the end of each quotation.

Any use of these Scriptures other than those listed above is prohibited. For additional rights and permission for usage, such as the use of WBTC's text on a Web site, or for clarification of any of the above, please contact World Bible Translation Center in writing or by email at distribution@wbtc.com.

World Bible Translation Center
P.O. Box 820648
Fort Worth, Texas 76182, USA
Telephone: 1-817-595-1664
Toll-Free in US: 1-888-54-BIBLE
E-mail: info@wbtc.com

**WBTC's web site –** World Bible Translation Center's web site: http://www.wbtc.org

**Order online –** To order a copy of our texts online, go to: http://www.wbtc.org

**Current license agreement –** *This license is subject to change without notice. The current license can be found at:* http://www.wbtc.org/downloads/biblelicense.htm

**Trouble viewing this file –** If the text in this document does not display correctly, use Adobe Acrobat Reader 5.0 or higher. Download Adobe Acrobat Reader from: http://www.adobe.com/products/acrobat/readstep2.html

**Viewing Chinese or Korean PDFs –** To view the Chinese or Korean PDFs, it may be necessary to download the Chinese Simplified or Korean font pack from Adobe. Download the font packs from: http://www.adobe.com/products/acrobat/acrrasianfontpack.html